# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড


নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
মৌলভীবাজার যান্ত্রিক পানি উন্নয়ন বিভাগ
বাপাউবো, বেজবাড়ী, মৌলভীবাজার।
ফোন+ফ্যাক্স নং: ০২৯৯৬৬৮২০৬২
মোবাইলঃ ০১৩১৮২৩৫৮৫৩

Office of the Executive Engineer
Moulvibazar Mechanical Water DevelopmentDivision
BWDB, Bejbari, Moulvibazar
Tel + Fax no: ০২৯৯৬৬৮২০৬২
e-mail : xen.mbazar.mech@bwdb.gov.bd
or xen.mech.bwdb.moulvibazar@gmail.com


স্মারক নং-মৌযাবি/টি-১/৫৫০

তারিখঃ২৯/০৬/২০২৬খ্রিঃ

## “সীমিত দরপত্র পদ্ধতিতে ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তি ও নবায়নের বিজ্ঞপ্তি”

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মৌলভীবাজার যান্ত্রিক পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, মৌলভীবাজার দপ্তরের অধীন পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০২৫ এর আলোকে সীমিত দরপত্র পদ্ধতির আওতায় অনধিক ০৫ (পাঁচ) কোটি টাকা পর্যন্ত অভ্যন্তরীণ কার্য ও ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা পর্যন্ত পণ্য সরবরাহের লক্ষ্যে ২০২৬-২৭ অর্থ বছরের জন্য ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তি ও নবায়ন করা হবে। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা এর স্মারক নং-৪২.০১.০০০০.০০৫.২২.০০৩.১৫-১৩৪, তারিখঃ ২০/০৭/২০২০ খ্রিঃ মোতাবেক এবং এর ধারাবাহিকতায় নির্ধারিত আবেদন ফরম এর মূল্য পরিশোধ সাপেক্ষে প্রশাসনিক শাখা হতে সংগ্রহ করা যাবে। ঠিকাদার তালিকাভুক্তি ও নবায়নের কার্যক্রম সাপ্তাহিক ও সরকারি ছুটির দিন ব্যতিত অফিস চলাকালীন সময় পর্যন্ত অব্যাহত থাকবে। নির্ধারিত তারিখ ও সময়ের পরে তালিকাভুক্তি ফরম বিতরণ/বিক্রয় এবং নবায়ন আবেদন গ্রহণ করা হবে না।

### ১। ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তির আবেদন ফরম বিতরণ/বিক্রয় ও গ্রহণের তফসিলঃ

| ক্রমিক নং | আবেদনের ধরণ | ফরম বিক্রয়ের শুরুর তারিখ | ফরম বিক্রয়ের শেষ তারিখ | তালিকাভুক্তির আবেদন গ্রহণের সর্বশেষ তারিখ |
|---|---|---|---|---|
| ১। | ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তির আবেদন। (কার্য ও পণ্য) | ০১/০৭/২০২৬খ্রিঃ | ৩১/০৭/২০২৬খ্রিঃ | ০৩/০৮/২০২৬খ্রিঃ |

### ২। ঠিকাদার/সরবরাহকারীর নবায়নের তফসিলঃ

| ক্রমিক নং | আবেদনের ধরণ | নিবন্ধন বহি জমাদান শুরুর তারিখ | নিবন্ধন বহি জমাদান সমাপ্তির তারিখ | নিবন্ধন বহি নবায়ন করে ফেরত প্রদান সমাপ্তির তারিখ |
|---|---|---|---|---|
| ১। | ঠিকাদার/সরবরাহকারী নবায়ন (কার্য ও পণ্য) | ১২/০৭/২০২৬খ্রিঃ | ০৩/০৮/২০২৬খ্রিঃ | ৩০/০৮/২০২৬খ্রিঃ |

### ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তির প্রয়োজনীয় নির্দেশনাবলীঃ

| ক্রমিক নং | নির্দেশনাবলী | বিবরণ |
|---|---|---|
| ১। | আবেদনের যোগ্যতা | (১) বৈধ হালনাগাদ ট্রেড লাইসেন্স, (২) ভ্যাট ও ট্যাক্স ক্লিয়ারেন্স সার্টিফিকেট, (৩) ২৫ লক্ষ টাকা স্থিতি সম্বলিত হালনাগাদ ব্যাংক সলভেন্সি/বিবরনী, (৪) জাতীয় পরিচয়পত্র, (৫) পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি ছবি, (৬) প্রতিষ্ঠানের যন্ত্রপাতি ও জনবলের তালিকা, (৭) ঠিকাদারী প্রতিষ্ঠানের মালিকের ৩০০/- টাকার ষ্টাম্পের অঙ্গিকারনামা (৮) অত্র দপ্তর হতে সরবরাহকৃত আবেদনে উল্লেখিত সকল শর্তাবলী পূরণ করতে হবে। |
| ২। | আবেদন ফি | ৫০০.০০ (পাঁচশত) টাকা অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, মৌলভীবাজার এর অনুকূলে অত্র দপ্তরে দাখিলের মাধ্যমে আবেদনপত্র সংগ্রহ করতে হবে। |
| ৩। | তালিকাভুক্তির নিবন্ধন ফি | নিবন্ধন ফি ৫০০০ (পাঁচ হাজার) টাকা ও সরকার নির্ধারিত ফি এর অতিরিক্ত ১৫% মূল্য সংযোজন কর (ভ্যাট) বাবদ ৭৫০ (সাতশত পঞ্চাশ) টাকার পৃথক ২টি অফেরতযোগ্য পে-অর্ডার /ব্যাংক ড্রাফট হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, মৌলভীবাজার এর অনুকূলে অত্র দপ্তরে দাখিলের মাধ্যমে পরিশোধ করতে হবে। |
| ৪। | নবায়ন ফি | নবায়ন ফি ২০০০ (দুই হাজার) টাকা ও সরকার নির্ধারিত ফি এর অতিরিক্ত ১৫% মূল্য সংযোজন কর (ভ্যাট) বাবদ ৩০০ (তিনশত) টাকার পৃথক ২টি অফেরতযোগ্য পে-অর্ডার /ব্যাংক ড্রাফট হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, মৌলভীবাজার এর অনুকূলে অত্র দপ্তরে দাখিলের মাধ্যমে পরিশোধ করতে হবে। |

৩। তালিকাভুক্তির আবেদনে উল্লেখিত শর্তাবলী পূরণ সাপেক্ষে কমিটি কর্তৃক মূল্যায়নের পর নিবন্ধন বহি ইস্যু করা হবে।
৪। ইতোপূর্বে অত্র দপ্তর হতে ইস্যুকৃত নিবন্ধন বহির শর্তাবলী পূরণ সাপেক্ষে ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তি নবায়ন করা যাবে।

উল্লেখ্য, ক্রয়কারী কর্তৃপক্ষ আবেদনকারীর আবেদনপত্র যাচাই বাছাই সাপেক্ষে কোন কারণ দর্শানো ব্যতিরেকে ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তির আবেদনপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতাবান।

স্বাঃ

(মুহাম্মদ ফয়জুল ইসলাম)
নির্বাহী প্রকৌশলী
পরিচিতি নং-৯২১১১২১০০১
বাপাউবো, মৌলভীবাজার।

CS CamScanner

## বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
মৌলভীবাজার যান্ত্রিক পানি উন্নয়ন বিভাগ
বাপাউবো, বেজবাড়ী, মৌলভীবাজার।
ফোন+ফ্যাক্স নং: ০২৯৯৬৬৮২০৬২
মোবাইলঃ ০১৩১৮২৩৫৮৫৩

Office of the Executive Engineer
Moulvibazar Mechanical Water DevelopmentDivision
BWDB, Bejbari, Moulvibazar
Tel + Fax no: ০২৯৯৬৬৮২০৬২
e-mail : xen.mbazar.mech@bwdb.gov.bd
or xen.mech.bwdb.moulvibazar@gmail.com

স্মারক নং-মৌযাবি/টি-১/৫৫০(০৯) তারিখঃ২৯/০৬/২০২৬খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

০১। প্রধান প্রকৌশলী, উত্তর-পূর্বাঞ্চল, বাপাউবো, সিলেট।
০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মৌলভীবাজার পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো, মৌলভীবাজার।
০৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, পানি ভবন, লেভেল-৬ (৭ম তলা), ৭২ গ্রীণ রোড, ঢাকা-১২১৫।
০৪। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, পানি ভবন, লেভেল-৯ (১০ম তলা), ৭২ গ্রীন রোড, ঢাকা-১২১৫। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারিত জাতীয় ও আঞ্চলিক পত্রিকায় প্রকাশের সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৫। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, পানি ভবন, লেভেল-৬ (৭ম তলা), ৭২ গ্রীন রোড, ঢাকা-১২১৫। বিজ্ঞপ্তিটি বাপাউবোর ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
০৬। উপ-বিভাগীয় প্রকৌশলী, মৌলভীবাজার যান্ত্রিক পানি উন্নয়ন উপ-বিভাগ-১/২, বাপাউবো, মৌলভীবাজার।
০৭। হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, মৌলভীবাজার।
০৮। উপ-সহকারী প্রকৌশলী/প্রক্কলনিক, ব্যারেজ এন্ড ওয়ার্কশপ সেকশন, বাপাউবো, মৌলভীবাজার।
০৯। দপ্তর কপি।

২৯.০৬.০২৬
নির্বাহী প্রকৌশলী
পরিচিতি নং-৯২১১২১০০১
বাপাউবো, মৌলভীবাজার।

CamScanner